

# শীতে

অপূর্ব কর

শীতরাত ঘন নেমে এলে আমি মেলি  
এখনো এখানে হৃদয়ের প্রদর্শনী  
রাত জুড়ে লালনের গান, আমিই নিমাই গাথা  
জারি গান হরিবংশ পদাবলী  
প্রাণের উত্তাপে রাঁধি পরমান্ন, পিঠে - পুলি, ডাল - বড়ি ঝোল  
রোদে দিই অন্তরের শ্রম নিবেদন  
নকশি কাঁথা গায়ে দিয়ে শুই রাতে, লক্ষ্মীপেঁচা  
ডেকে যায় কুয়াশায়, পাশে শোনে অনন্যা ঈশ্বরী।  
তোমাদের কি আছে হট্টমেলা, সুরা পান  
বহুবর্ণ গরম পোশাক;  
বিত্তের পতাকার চেয়ে বাঙলার মাধুরী হৃদয়  
এখনো আমাদের কাছে শীতে গাঢ় দামি।